F.M. - 90 Time - 3 Hr. 15 Min.

বিভাগ — ক

১। সঠিক উত্তরটি নির্বাচন করো : ১×২০=২০

১.১ ভারতে ফুটবল খেলা প্রবর্তন করেন —
(ক) ইংরেজ (খ) ওলন্দাজ (গ) ফরাসি (ঘ) পর্তুগিজরা

১.২ 'জীবনের ঝরাপাতা' গ্রন্থটি হল একটি —
(ক) উপন্যাস (খ) কাব্যগ্রন্থ (গ) জীবনীগ্রন্থ (ঘ) আত্মজীবনী

১.৩ 'নীলদর্পণ নাটকের ইংরেজী অনুবাদের প্রকাশক ছিলেন—
(ক) কালীপ্রসন্ন সিংহ (খ) মাইকেল মধুসূদন দত্ত
(গ) হরিশচন্দ্র মুখোপাধ্যায় (ঘ) রেভাঃ জেমস লঙ

১.৪ সতীদাহ প্রথা রদ হয় —
ক) ১৮২৮ খ্রিঃ খ) ১৮২৯ খ্রিঃ গ) ১৮৩০ খ্রিঃ ঘ) ১৮৫৬ খ্রিঃ

১.৫ সর্বধর্ম সমন্বয়ের আদর্শ প্রচার করেছিলেন—
ক) বিজয়কৃষ্ণ গোস্বামী খ) স্বামী বিবেকানন্দ গ) শ্রীরামকৃষ্ণ ঘ) কেশবচন্দ্র সেন

১.৬ সুই মুন্ডা নেতৃত্ব দিয়েছিলেন—
ক) চুয়াড় বিদ্রোহে খ) কোল বিদ্রোহে গ) সাঁওতাল বিদ্রোহে ঘ) মুন্ডা বিদ্রোহে

১.৭ ভারতে প্রথম অরণ্য আইন পাশ হয়—
ক) ১৮৫৯ খ্রিঃ খ) ১৮৬০ খ্রিঃ গ) ১৮৬৫ খ্রিঃ ঘ) ১৮৭৮ খ্রিঃ

১.৮ ১৮৫৭ খ্রিঃ বিদ্রোহকে 'ভারতের প্রথম স্বাধীনতার যুদ্ধ' বলেছেন —
ক) রমেশচন্দ্র মজুমদার খ) সুরেন্দ্রনাথ সেন গ) বিনায়ক দামোদর সাভারকার ঘ) দাদাভাই নৌরজি
১.৯ ভারতে ইস্ট ইন্ডিয়া কোম্পানির শাসনের অবসান হয়—
ক) ১৮৫৭ খ্রিঃ খ) ১৮৫৮ খ্রিঃ গ) ১৯১৯ খ্রিঃ ঘ) ১৯৪৭ খ্রিঃ
১.১০ 'ভারত মাতা' চিত্রটি আঁকেন—
ক) অবনীন্দ্রনাথ ঠাকুর খ) রবীন্দ্রনাথ ঠাকুর গ) নন্দলাল বসু ঘ) গগনেন্দ্রনাথ ঠাকুর।
১.১১ ভারতে হাফটোন প্রিন্টিং পদ্ধতি প্রবর্তন করেন —
ক) পঞ্চানন কর্মকার খ) উপেন্দ্রকিশোর রায়চৌধুরী গ) সুকুমার রায় ঘ) চার্লস উইলকিন্স।
১.১২ বেঙ্গল টেকনিক্যাল ইন্সটিটিউট-এর প্রথম অধ্যক্ষ ছিলেন
ক) অরবিন্দ ঘোষ খ) সতীশচন্দ্র বসু গ) যোগেশচন্দ্র ঘোষ ঘ) প্রমথনাথ বসু
১.১৩ বয়কট আন্দোলনের ফলে অর্থনৈতিক দিক থেকে ক্ষতিগ্রস্ত হয়েছিল—
ক) বাংলার কৃষক শ্রেণি খ) মধ্যবিত্ত শ্রেণি গ) জমিদার শ্রেণি ঘ) ছাত্রসমাজ
১.১৪ বাবা রামচন্দ্র কৃষক আন্দোলনে নেতৃত্ব দিয়েছিলেন—
ক) বিহারে খ) যুক্ত প্রদেশে গ) রাজস্থানে ঘ) মহারাষ্ট্রে
১.১৫ রম্পা বিদ্রোহ সংঘটিত হয়—
ক) মালাবার অঞ্চলে খ) কোঙ্কন উপত্যকায় গ) ওড়িশায় ঘ) গোদাবরী উপত্যকায়
১.১৬ বাংলার গভর্নর স্ট্যানলি জ্যাকসনকে হত্যা করার চেষ্টা করেন—
ক) কল্পনা দত্ত (খ) বীণা দাস গ) সুনীতি চৌধুরি ঘ) লীলা নাগ।
১.১৭ মাতঙ্গিনী হাজরা 'ভারত ছাড়ো' আন্দোলনে অংশগ্রহণ করেন যে স্থানে—
ক) সুতাহাটা খ) বরিশাল গ) পুরুলিয়া ঘ) তমলুক
১.১৮ দলিতদের 'হরিজন' আখ্যা দিয়েছিলেন—
ক) জ্যোতিবা ফুলে খ) শ্রীনারায়ণ গুরু গ) গান্ধীজি ঘ) আম্বেদকর
১.১৯ ভারতের লৌহ মানব বলা হয়—
ক) বল্লভভাই প্যাটেলকে খ) রাজেন্দ্র প্রসাদকে
গ) জওহরলাল নেহেরুকে ঘ) মহম্মদ আলি জিন্নাহকে
১.২০ Train to Pakistan গ্রন্থটি লিখেছেন—
'ক) খুশবন্ত সিংহ খ) সলমন রুশদি গ) ভি. পি. মেনন ঘ) আবু ইসহাক

বিভাগ — 'খ'

২. নীচের প্রশ্নগুলির উত্তর দাও : (প্রতিটি উপবিভাগ থেকে অন্তত ১টি করে মোট ১৬টি প্রশ্নের উত্তর দাও) ১×১৬=১৬

উপবিভাগ - ২.১

একটি বাক্যে উত্তর দাও :- ১×৪=৪

২.১.১ সোমপ্রকাশ পত্রিকার সম্পাদক কে ছিলেন?
২.১.২ সরকারি নথিপত্র কোথায় সংরক্ষণ করা হয়?
২.১.৩ ভারতবর্ষীয় ব্রাহ্মসমাজ কে গড়ে তোলেন?
২.১.৪ 'হুতোম প্যাঁচা' কার ছদ্মনাম ছিল?

উপবিভাগ - ২.২

ঠিক ও ভুল নির্ণয় করো :- ১×৪=৪

২.২.১ গ্রামবার্ত্তা প্রকাশিকা পত্রিকার সম্পাদক ছিলেন হরিনাথ মজুমদার।
২.২.২ সিধু ও কানুর উপাস্য দেবতা ছিলেন সিং বোঙা।
২.২.৩ মির নিশার আলি বাঁশের কেল্লা বানিয়েছিলেন।
২.২.৪ ফরাজি একটি প্রাচীন উপজাতির নাম।

উপবিভাগ - ২.৩

'ক' স্তম্ভের সঙ্গে 'খ' স্তম্ভ মেলাও :- ১×৪=৪

'ক' স্তম্ভ	'খ' স্তম্ভ
২.৩.১ মঙ্গল পাণ্ডে	এলাহাবাদ দরবার
২.৩.২ মহারাণির ঘোষণাপত্র	আনন্দমঠ
২.৩.৩ বন্দেমাতরম	জমিদার সভা
২.৩.৪ দ্বারকানাথ ঠাকুর	ব্যারাকপুর সেনা নিবাস

উপবিভাগ - ২.৪

প্রদত্ত ভারতবর্ষের রেখামানচিত্রে নিম্নলিখিত স্থানগুলি চিহ্নিত কর ও নামাঙ্কিত করো :- ১×৪=৪

২.৪.১ শ্রীরামপুর।
২.৪.২ ভারত ছাড়ো আন্দোলনের কেন্দ্র তমলুক।
২.৪.৩ আইন অমান্য আন্দোলনের কেন্দ্র ডান্ডি।
২.৪.৪ অসহযোগ আন্দোলনের কেন্দ্র পাবনা।

উপবিভাগ - ২.৫

নিম্নলিখিত বিবৃতিগুলির সঙ্গে সঠিক ব্যাখ্যাটি নির্বাচন করো :- ১×৪=৪

২.৫.১ বিবৃতি - ভারতের নারীরা জাতীয় আন্দোলনে প্রথম অংশ নিয়েছিল বঙ্গভঙ্গ বিরোধী আন্দোলনের সময়।
ব্যাখ্যা ১ - কারণ তারা গান্ধীজি দ্বারা অনুপ্রাণিত হয়েছিল।
ব্যাখ্যা ২ - কারণ তারা অরবিন্দ ঘোষের বিপ্লবী ভাবধারায় অনুপ্রাণিত হয়েছিল।
ব্যাখ্যা ৩ - কারণ তারা বিদেশী দ্রব্য বর্জন করতে চেয়েছিল।

২.৫.২ বিবৃতি - সরলাদেবী চৌধুরাণী লক্ষ্মীর ভাণ্ডার প্রতিষ্ঠা করেছিলেন।
ব্যাখ্যা ১ - বিদেশী পণ্য বিক্রির জন্য।
ব্যাখ্যা ২ - আন্দোলনকারী মহিলাদের সাহায্য করবার জন্য।
ব্যাখ্যা ৩ - স্বদেশী পণ্য বিক্রির জন্য।

২.৫.৩ বিবৃতি - বঙ্গভঙ্গ বিরোধী আন্দোলনের শ্রমিক কৃষকদের জন্য কোনো কর্মসূচী গ্রহণ করা হয়নি।
ব্যাখ্যা ১ - শ্রমিক কৃষকরা এই আন্দোলনের বিরোধী ছিল।
ব্যাখ্যা ২ - ব্রিটিশ সরকার শ্রমিক কৃষকদের আন্দোলনের ওপর নিষেধাজ্ঞা জারি করেছিল।
ব্যাখা ৩ - বঙ্গভঙ্গ বিরোধী আন্দোলন ছিল মূলত মধ্যবিত্ত শ্রেণীর আন্দোলন।

২.৫.৪ বিবৃতি - বল্লভভাই প্যাটেল ভারতের স্বরাষ্ট্রমন্ত্রী ছিলেন।
ব্যাখ্যা ১ - তিনি 'লৌহ মানব' নামে পরিচিত ছিলেন।
ব্যাখ্যা ২ - তিনি ভারতের অর্থনৈতিক উন্নয়ন করেন।
ব্যাখ্যা ৩ - তিনি ভারতের রাজনৈতিক সংগঠন শক্তিশালী করেন।

বিভাগ — 'গ'

৩. দুটি অথবা তিনটি বাক্যে নিম্নলিখিত প্রশ্নগুলির উত্তর দাও : (যে কোনো ১১টি) ২×১১=২২

৩.১ ভারতীয় জাতীয়তাবাদের ইতিহাসে ১৯১১ খ্রিঃ গুরুত্বপূর্ণ কেন?
৩.২ আত্মজীবনী ও স্মৃতিকথা বলতে কী বোঝায়?
৩.৩ কাদের উদ্যোগে কলকাতায় হিন্দু বালিকা বিদ্যালয় প্রতিষ্ঠিত হয়?
৩.৪ উডের ডেসপ্যাচ বলতে কী বোঝ?
৩.৫ খুঁৎকাঠি প্রথা কী?
৩.৬ দুদুমিঞা স্মরণীয় কেন ?
৩.৭ কত সালে কার উদ্যোগে 'বর্তমান ভারত' গ্রন্থাকারে প্রকাশিত হয়?
৩.৮ ভারত সভার ২টি উদ্দেশ্য লেখো।
৩.৯ চার্লস উইলকিনস্ কে ছিলেন?
৩.১০ কত সালে কোথায় বসু বিজ্ঞান মন্দির প্রতিষ্ঠিত হয়?
৩.১১ কৃষক আন্দোলনে বাবা রামচন্দ্রের কীরূপ ভূমিকা ছিল?
৩.১২ মাদারি পাসি কে ছিলেন?
৩.১৩ 'সত্য শোধক সমাজ'-এর উদ্দেশ্য কী ছিল?
৩.১৪ ভারত ছাড়ো আন্দোলনে অংশগ্রহণকারী দুজন নারীর নাম লেখো।
৩.১৫ পত্তি শ্রীরামালু কে ছিলেন?
৩.১৬ 'ছেড়ে আসা গ্রাম' ও 'শিকড়ের সন্ধানে' গ্রন্থ দুটির লেখক কে?

বিভাগ — ঘ

৪. সাত বা আটটি বাক্যে নিম্নলিখিত প্রশ্নগুলির উত্তর দাও : ৪×৬=২৪
(প্রতিটি উপবিভাগ থেকে অন্তত ১টি করে মোট ৬টি প্রশ্নের উত্তর দিতে হবে)

উপবিভাগ - ঘ. ১

৪.১ উনিশ শতকে বাংলায় পাশ্চাত্য শিক্ষা বিস্তারে রামমোহন রায়ের ভূমিকার মূল্যায়ন কর।
৪.২ এদেশের চিকিৎসাবিদ্যার ক্ষেত্রে কলকাতা মেডিক্যাল কলেজের কীরূপ ভূমিকা ছিল?

উপবিভাগ — ঘ. ২

৪.৩ বিদ্রোহ, অভ্যুত্থান ও বিপ্লবের ধারণাটি ব্যাখ্যা কর।
৪.৪ টীকা লেখ - তারিক ই মহম্মদীয়া।

উপবিভাগ — ঘ. ৩

৪.৫ বাংলার ছাপাখানার বিকাশে উপেন্দ্রকিশোর রায়চৌধুরীর ভূমিকা আলোচনা কর।
৪.৬ টীকা লেখ - বেঙ্গল টেকনিক্যাল ইন্সটিটিউট

উপবিভাগ — ঘ. ৪

৪.৭ উদবাস্তু সমস্যা সমাধানে ভারত সরকার কী কী উদ্যোগ গ্রহণ করেছেন
৪.৮ হায়দ্রাবাদ রাজ্যটি কীভাবে ভারতভুক্ত হয়েছিল ?

বিভাগ — ঙ

৫. পনেরো বা ষোলোটি বাক্যে যে কোনো ১টি প্রশ্নের উত্তর দাও : ৮×১=৮

৫.১ শিক্ষা বিস্তারে প্রাচ্যবাদী ও পাশ্চাত্যবাদী বিতর্ক কী? উচ্চশিক্ষা বিস্তারে কলকাতা বিশ্ববিদ্যালয়ের ভূমিকা আলোচনা কর। ৩+৫
৫.২ আইন অমান্য আন্দোলনে শ্রমিকদের ভূমিকা বিশ্লেষণ কর। মিরাট ষড়যন্ত্র মামলা কী ? ৫+৩
৫.৩ বাংলায় নমঃশূদ্র আন্দোলনের সংক্ষিপ্ত বিবরণ দাও ? ৮

ANSWER KEY

১.১ ক) ইংরেজ ১.২ ঘ) আত্মজীবনী ১.৩ ঘ) রেভাঃ জেমস লঙ ১.৪ খ) ১৮২৯ খ্রিঃ ১.৫ গ) শ্রীরামকৃষ্ণ ১.৬ (খ) কোল বিদ্রোহ ১.৭ (গ) ১৮৬৫ খ্রিঃ ১.৮ (গ) বিনায়ক দামোদর সাভারকর ১.৯ খ) ১৮৫৮ খ্রিঃ ১.১০ ক) অবনীন্দ্রনাথ ঠাকুর ১.১১ খ) উপেন্দ্রকিশোর রায়চৌধুরী ১.১২ ঘ) প্রমথনাথ বসু ১.১৩ (ক) বাংলার কৃষকশ্রেণি ১.১৪ খ) যুক্তপ্রদেশে ১.১৫ ঘ) গোদাবরী উপত্যকায় ১.১৬ খ) বীণা দাস ১.১৭ ঘ) তমলুক ১.১৮ গ) গান্ধীজি ১.১৯ ক) বল্লভভাই প্যাটেলকে ১.২০ ক) খুশবন্ত সিংহ

KALYANI SHIKSHAYATAN (H.S)
HISTORY

F.M. -90 Time - 3 Hr. 15 Min.

বিভাগ — 'ক'

১। সঠিক উত্তরটি বেছে নিয়ে লেখো ঃ ১×২০=২০

১.১ ভারতীয়রা আলুর ব্যবহার শিখেছিল যাদের কাছ থেকে—
(ক) পোর্তুগীজ (খ) ইংরেজ (গ) মুঘল (ঘ) ওলন্দাজ

১.২ 'সোমপ্রকাশ' ছিল একটি—
(ক) দৈনিক পত্রিকা (খ) সাপ্তাহিক পত্রিকা (গ) পাক্ষিক পত্রিকা (ঘ) মাসিক পত্রিকা

১.৩ 'বামাবোধিনী' পত্রিকার সম্পাদক ছিলেন—
(ক) উমেশচন্দ্র দত্ত (খ) শিশিরকুমার ঘোষ
(গ) কৃষ্ণচন্দ্র মজুমদার (ঘ) দ্বারকানাথ বিদ্যাভূষণ

১.৪ নিম্নমুখী পরিশ্রুতনীতির প্রবক্তা ছিলেন—
(ক) চার্লস উড (খ) টমাস বাবিংটন মেকলে
(গ) হান্টার (ঘ) উইলিয়াম কেরি

১.৫ বঙ্কিমচন্দ্র 'বঙ্গদর্শন' পত্রিকার সম্পাদনা করেছিলেন—
(ক) তিন বছর (ক) চার বছর (গ) দশ বছর (ঘ) বারো বছর

১.৬ সবচেয়ে দীর্ঘস্থায়ী কৃষক বিদ্রোহটি হল—
(ক) চুয়াড় বিদ্রোহ (খ) ফরাজি আন্দোলন (গ) সাঁওতাল বিদ্রোহ (ঘ) সন্ন্যাসী-ফকির বিদ্রোহ

১.৭ 'হুল' কথাটির অর্থ ছিল—
(ক) ঈশ্বর (খ) স্বাধীনতা (গ) অস্ত্র (ঘ) বিদ্রোহ

১.৮ ব্রিটিশ পার্লামেন্ট 'ভারতশাসন আইন' পাস করেছিল—
(ক) ১৫ জুলাই, ১৮৫৮ খ্রিঃ (খ) ২ আগস্ট, ১৮৫৮ খ্রিঃ
(গ) ১০ অক্টোবর, ১৮৫৮ খ্রিঃ (ঘ) ৫ ডিসেম্বর, ১৮৫৮ খ্রিঃ

১.৯ 'সত্যানন্দ' চরিত্রটির উল্লেখ পাওয়া যায়—
(ক) গোরাতে (খ) আনন্দমঠ-এ (গ) ঘরে-বাইরে-এ (ঘ) কমলাকান্তের দপ্তর-এ

১.১০ দেশীয় সংবাদপত্র আইন ও অস্ত্র আইন প্রচলিত ছিল—
(ক) ১৮৭৫ খ্রিস্টাব্দে (খ) ১৮৭৮ খ্রিস্টাব্দে (গ) ১৮৭৯ খ্রিস্টাব্দে (ঘ) ১৮৮০ খ্রিস্টাব্দে

১.১১ একা আন্দোলনের নেতা ছিলেন—
(ক) মাদারি পাসি (খ) ড. আম্বেদকর (গ) মহাত্মা গান্ধি (ঘ) বাবা রামচন্দ্র

১.১২ ভারতে 'হাফটোন' প্রিন্টিং পদ্ধতি প্রবর্তন করেন—
(ক) উপেন্দ্রকিশোর রায়চৌধুরী (খ) সুকুমার রায়
(গ) পঞ্চানন কর্মকার (ঘ) চার্লস উইলকিন্স

১.১৩ 'জাতীয় বিজ্ঞানচর্চার জনক' বলা হয় —
(ক) জগদীশচন্দ্র বসুকে (খ) মহেন্দ্রলাল সরকারকে
(গ) প্রফুল্লচন্দ্র রায়কে (ঘ) সি.ভি. রমনকে

১.১৪ ভারতের প্রথম শ্রমিক সংগঠন ছিল—
(ক) গিরনি কামগড় ইউনিয়ন (খ) মাদ্রাজ লেবার ইউনিয়ন
(গ) ইন্ডিয়ান মিল হ্যান্ডস ইউনিয়ন (ঘ) নিখিল ভারত ট্রেড ইউনিয়ন কংগ্রেস

১.১৫ রুম্পা উপজাতীয় বিদ্রোহ সংঘটিত হয়েছিল—
(ক) মালাবার অঞ্চলে (খ) কোঙ্কন উপকূলে (গ) উড়িষ্যায় (ঘ) গোদাবরী উপত্যকায়

১.১৬ দলিতদের হরিজন আখ্যা দিয়েছিলেন—
(ক) জ্যোতিবা ফুলে (খ) নারায়ণ গুরু (গ) গান্ধিজি (ঘ) ড. আম্বেদকর

১.১৭ নারী কর্মমন্দির প্রতিষ্ঠা করেছিলেন—
(ক) উর্মিলাদেবী (খ) বাসন্তীদেবী (গ) সুনীতিদেবী (ঘ) সরলাদেবী চৌধুরানী

১.১৮ জাতীয় কংগ্রেসের প্রথম মহিলা সভানেত্রী ছিলেন—
(ক) অ্যানি বেসান্ত (খ) মুথুলক্ষ্মী রেড্ডি (গ) সরোজিনী নাইডু (ঘ) কমলাদেবী চট্টোপাধ্যায়

১.১৯ স্বাধীনতার প্রাক্কালে ভারতের সবচেয়ে বড়ো দেশীয় রাজ্য ছিল—
(ক) কাশ্মীর (খ) হায়দ্রাবাদ (গ) জয়পুর (ঘ) জুনাগড়

১.২০ 'The Marginal Men' গ্রন্থের রচয়িতা হলেন—
(ক) প্রফুল্ল কুমার চক্রবর্তী (খ) প্রফুল্ল রায় (গ) প্রফুল্ল ঘোষ (ঘ) নীরদচন্দ্র চৌধুরী

বিভাগ—'খ'

২। যে কোনো ষোলটি প্রশ্নের উত্তর দাও ঃ- ১×১৬=১৬
(প্রতিটি উপবিভাগ থেকে অন্তত একটি প্রশ্নের উত্তর দিতে হবে)

উপবিভাগ — ২.১

২.১ একটি বাক্যে উত্তর দাও ঃ-
২.১.১ 'বাঙালীর বেশবাস বিবর্তনের রূপরেখা' কার লেখা?
২.১.২ 'বর্তমান ভারত' কার লেখা?
২.১.৩ 'জীবনস্মৃতি' কার আত্মজীবনী?
২.১.৪ অলিন্দ যুদ্ধ কবে হয়?

উপবিভাগ — ২.২

২.২ সত্য ও মিথ্যা নির্ণয় করো ঃ-
২.২.১ নিম্নবর্গের ইতিহাস চর্চা করেন রমেশচন্দ্র মজুমদার।
২.২.২ বিধবাবিবাহ আইন পাশ হয় ডালহৌসির আমলে।
২.২.৩ মোপলা বিদ্রোহ হয় মালাবার অঞ্চলে।
২.২.৪ ভারত স্বাধীন হয় 'ভারত স্বাধীনতা আইন ১৯৪৭' দ্বারা।

উপবিভাগ - ২-৩

২.৩ স্তম্ভ মেলাও :-

'ক' স্তম্ভ	'খ' স্তম্ভ
২.৩.১ বীরাষ্টমী ব্রত	(১) লর্ড ক্যানিং
২.৩.২ বিধবাবিবাহ প্রবর্তন	(২) গৌরমোহন বিদ্যালংকার
২.৩.৩ স্ত্রীশিক্ষা বিধায়ক	(৩) দ্বারকানাথ ঠাকুর
২.৩.৪ জমিদার সভা	(৪) সরলাদেবী চৌধুরানী

উপবিভাগ — ২.৪

২.৪ প্রদত্ত ভারতবর্ষের রেখা-মানচিত্রে নিম্নলিখিত স্থানগুলি চিহ্নিত ও নামাঙ্কিত করো ঃ-
২.৪.১ কোল বিদ্রোহের এলাকা ছোটনাগপুর।
২.৪.২ মহাবিদ্রোহের কেন্দ্র ঝাঁসি।
২.৪.৩ নীলবিদ্রোহের কেন্দ্র কৃষ্ণনগর।
২.৪.৪ মহাবিদ্রোহের কেন্দ্র অযোধ্যা।

উপবিভাগ - ২.৫

২.৫ নিম্নলিখিত বিবৃতিগুলির সঙ্গে সঠিক বাক্যটি নির্বাচন করো ঃ-

২.৫.১ বিবৃতি ঃ ইতিহাস কেবল অতীত কাহিনি নয়।
ব্যাখ্যা ১ ঃ ইতিহাস অতীতের লোককথা মাত্র।
ব্যাখ্যা ২ ঃ ইতিহাস বিভিন্ন সময়ের লোককথা।
ব্যাখ্যা ৩ ঃ ইতিহাস বস্তু ও প্রমাননিষ্ঠ অতীতের বিবরণ।

২.৫.২ বিবৃতি ঃ সরলাদেবী চৌধুরানী 'লক্ষ্মীর ভাণ্ডার' প্রতিষ্ঠা করেছিলেন।
ব্যাখ্যা ১ ঃ বিদেশি পণ্য বিক্রির জন্য।
ব্যাখ্যা ২ ঃ আন্দোলনকারী মহিলাদের সাহায্যের জন্য।
ব্যাখ্যা ৩ ঃ স্বদেশি পণ্য বিক্রির জন্য।

২.৫.৩ বিবৃতি ঃ মহেন্দ্রলাল সরকার IACS প্রতিষ্ঠা করেন।
ব্যাখ্যা ১ ঃ বিজ্ঞানচর্চা ও বিজ্ঞান গবেষণার জন্য।
ব্যাখ্যা ২ ঃ প্রাচ্যবিদ্যা চর্চার জন্য।
ব্যাখ্যা ৩ ঃ ভারতীয় ইতিহাস চর্চার জন্য।

২.৫.৪ বিবৃতি ঃ রবীন্দ্রনাথ ঠাকুর প্রকৃতির পরিবেশে ছেলেমেয়েদের শিক্ষা দিতে চেয়েছিলেন—
ব্যাখ্যা ১ ঃ প্রকৃতির সংস্পর্শেই শিশুর দেহ ও মন সুসংগঠিত হয়।
ব্যাখ্যা ২ ঃ তিনি শিক্ষা উৎপাদন করতে চান।
ব্যাখ্যা ৩ ঃ তিনি চার দেওয়ালের মধ্যে শিক্ষা দেওয়ার ঘোর বিরোধী ছিলেন।

বিভাগ — 'গ'

৩। দুটি অথবা তিনটি বাক্যে নিম্নলিখিত প্রশ্নগুলির উত্তর দাও ঃ-
(যে কোনো ১১টি) ২×১১=২২

৩.১ ফটোগ্রাফি ব্যবহার করার সময় আমাদের কী কী সাবধানতা নিতে হবে?
৩.২ সংবাদপত্র এবং সাময়িকপত্রের মধ্যে পার্থক্য কী?
৩.৩ পাশ্চাত্য শিক্ষা বিস্তারে খ্রিস্টান মিশনারিদের প্রধান উদ্দেশ্য কী ছিল?
৩.৪ ভারতবর্ষীয় ব্রাহ্মসমাজ বিভক্ত হল কেন?
৩.৫ কোলরা কেন বিদ্রোহ করেছিল?
৩.৬ তিতুমীর স্মরণীয় কেন?
৩.৭ ব্যঙ্গচিত্র কেন আঁকা হয়?
৩.৮ কেন এবং কখন বঙ্গভাষা প্রকাশিকা সভা স্থাপিত হয়?
৩.৯ বাংলার মুদ্রণের ইতিহাসে বটতলা প্রকাশনার গুরুত্ব কী ?
৩.১০ জাতীয় শিক্ষা পরিষদ কেন প্রতিষ্ঠিত হয়?
৩.১১ কে, কবে ফরওয়ার্ড ব্লক প্রতিষ্ঠা করেছিলেন?
৩.১২ কী উদ্দেশ্যে কংগ্রেস সমাজতন্ত্রী দল প্রতিষ্ঠিত হয়?
৩.১৩ রশিদ আলি দিবস কেন পালিত হয়েছিল?
৩.১৪ 'বুড়িবালামের যুদ্ধ' কী?
৩.১৫ রাজ্য পুনর্গঠন কমিশন (১৯৫৩) কেন তৈরি হয়?
৩.১৬ ১৯৫০ সালে কেন নেহরু-লিয়াকৎ চুক্তি স্বাক্ষর হয়েছিল?

বিভাগ 'ঘ'

৪। সাত বা আটটি বাক্যে নীচের প্রশ্নগুলির উত্তর দাও ঃ- ৪×৬=২৪
(প্রতিটি উপবিভাগ থেকে অন্ততঃ ১টি করে মোট ৬টি প্রশ্নের উত্তর দাও :-

উপবিভাগ — ঘ.১

৪.১ 'হুতোম প্যাঁচার নকশা' গ্রন্থে উনিশ শতকের বাংলার কীরূপ সমাজচিত্র পাওয়া যায়?
৪.২ এদেশে চিকিৎসা-বিদ্যার ক্ষেত্রে কলিকাতা মেডিক্যাল কলেজের কীরূপ ভূমিকা ছিল?

উপবিভাগ - ঘ. ২

৪.৩ কী উদ্দেশ্যে হিন্দুমেলা প্রতিষ্ঠিত হয়?
৪.৪ মহাবিদ্রোহকে কি সামন্ত শ্রেণির অভ্যুত্থান বলা যায়?

উপবিভাগ - ঘ. ৩

৪.৫ বাংলার মুদ্রণ শিল্পের বিকাশে গঙ্গাকিশোর ভট্টাচার্যের কীরূপ অবদান ছিল?
৪.৬ শ্রীরামপুর মিশন প্রেস কীভাবে একটি অগ্রণী মুদ্রণ প্রতিষ্ঠানে পরিণত হল?

উপবিভাগ - ঘ. ৪

৪.৭ সংক্ষিপ্ত টীকা লেখো :- দেশ বিভাগ (১৯৪৭) জনিত উদ্বাস্তু সমস্যা।

৪.৮ হায়দ্রাবাদ রাজ্যটি কীভাবে ভারতভুক্ত হয়েছিল?

বিভাগ — 'ঙ'

৫। পনেরো ষোলটি বাক্যে যেকোন একটি প্রশ্নের উত্তর দাও :- ৮×১=৮

৫.১ তুমি কি উনিশ শতকের বাংলার নবজাগরণকে 'প্রকৃত জাগরণ' বলে মনে করো? তুমি তোমার মতের সপক্ষে যুক্তি দাও।

৫.২ জাতীয়তাবাদের উন্মেষে 'আনন্দমঠ' ও 'বর্তমান ভারত'-এর গুরুত্ব ব্যাখ্যা করো। ৫+৩

৫.৩ বঙ্গভঙ্গ বিরোধী আন্দোলনে নারীসমাজ কীভাবে অংশগ্রহণ করেছিল? তাদের আন্দোলনের সীমাবদ্ধতা কী ছিল? ৫+৩

ANSWER KEY

১.১ ক) পোর্তুগীজ ১.২ খ) সাপ্তাহিক পত্রিকা ১.৩ ক) উমেশচন্দ্র দত্ত
১.৪ খ) টমাস বাবিংটন মেকলে ১.৫ খ) চার বছর ১.৬ (ঘ) সন্ন্যাসী-ফকির বিদ্রোহ
১.৭ (ঘ) বিদ্রোহ ১.৮ (খ) ২ আগস্ট, ১৮৫৮ খ্রিঃ ১.৯ খ) আনন্দমঠ-এ ১.১০ খ) ১৮৭৮ খ্রিস্টাব্দে
১.১১ ক) মাদারি পাসি ১.১২ ক) উপেন্দ্রকিশোর রায়চৌধুরী ১.১৩ ক) জগদীশচন্দ্র বসুকে
১.১৪ খ) মাদ্রাজ লেবার ইউনিয়ন ১.১৫ ঘ) গোদাবরী উপত্যকায় ১.১৬ গ) গান্ধিজি ১.১৭ ক) উর্মিলাদেবী
১.১৮ ক) অ্যানি বেসান্ত ১.১৯ খ) হায়দ্রাবাদ ১.২০ ক) প্রফুল্ল কুমার চক্রবর্তী

ITINDA UNION HIGH SCHOOL (H.S)

HISTORY

F.M. - 90 Time - 3 Hr. 15 Min.

বিভাগ - 'ক'

১. সঠিক উত্তরটি নির্বাচন করো: ১×২০=২০

১.১ মার্কসবাদী ইতিহাসচর্চার সঙ্গে যুক্ত ছিলেন —
(ক) যদুনাথ সরকার (খ) ভিনসেন্ট স্মিথ (গ) অনিল শীল (ঘ) সুমিত সরকার।

১.২ নতুন সামাজিক ইতিহাসচর্চা শুরু হয় —
(ক) ১৯৪০ (খ) ১৯৫০ (গ) ১৯৬০ (ঘ) ১৯৯০-এর দশকে।

১.৩ কলকাতা মেডিকেল কলেজের প্রথম অধ্যক্ষ ছিলেন —
(ক) উইলিয়াম কোলভিল (খ) উইলিয়াম বেন্টিঙ্ক (গ) জোসেফ ব্রামলি (ঘ) হেনরি হ্যারি গুডিভ।

১.৪ বিধবা পুনর্বিবাহ আইন পাশ হয় —
(ক) ১৮৫৬ খ্রি: (খ) ১৮৫৭ খ্রি: (গ) ১৮৫৮ খ্রি: (ঘ) ১৮৫৯ খ্রি:।

১.৫ 'সম্বাদ কৌমুদী' প্রকাশিত হয় —
(ক) ১৮২১ খ্রি: (খ) ১৮২২ খ্রি: (গ) ১৮২৩ খ্রি: (ঘ) ১৮৪০ খ্রি:।

১.৬ 'খেরওয়ার' বলতে বোঝায় —
(ক) প্রলয়ের দিন (খ) সাঁওতালদের স্বাধীন সত্তা (গ) ঈশ্বর প্রদর্শিত পথ (ঘ) নবজাগরণ।

১.৭ ভারতে প্রথম নীলকর সাহেব ছিলেন —
(ক) মেকলে (খ) লুই বোনার্ড (গ) কার্ল ব্ল্যাম (ঘ) জেমস মিল।

১.৮ অযোধ্যায় ১৮৫৭ খ্রিস্টাব্দের মহাবিদ্রোহে নেতৃত্ব দেন —
(ক) সাদাত খাঁ (খ) বেগম হজরত মহল (গ) কুনওয়ার সিং (ঘ) রানি লক্ষ্মীবাঈ।

১.৯ 'বন্দেমাতরম' সংগীতটির ইংরাজি অনুবাদ করেন —
(ক) মাইকেল মধুসূদন দত্ত (খ) রবীন্দ্রনাথ ঠাকুর (গ) অরবিন্দ ঘোষ (ঘ) সরলাদেবী।

১.১০ ভারতসভা প্রতিষ্ঠিত হয় —
(ক) ১৮৩৬ খ্রি: (খ) ১৮৩৮ খ্রি: (গ) ১৮৭৬ খ্রি: (ঘ) ১৮৫৮ খ্রি:।

১.১১ ভারতে প্রথম মুদ্রণ যন্ত্র নিয়ে আসে —
(ক) পোর্তুগিজরা (খ) ডাচরা (গ) ইংরেজরা (ঘ) ফরাসীরা।

১.১২ 'ইতিহাসমালা' গ্রন্থটির রচয়িতা হলেন —
(ক) রামরাম বসু (খ) উইলিয়াম কেরি (গ) উইলিয়াম ওয়ার্ড (ঘ) মদনমোহন তর্কালংকার।

১.১৩ বঙ্গভঙ্গ কার্যকর হওয়ার দিনে অরন্ধনের ডাক দেন —
(ক) রামেন্দ্রসুন্দর ত্রিবেদী (খ) রবীন্দ্রনাথ ঠাকুর (গ) কৃষ্ণকুমার মিত্র (ঘ) গান্ধীজি

১.১৪ ভারতে কমিউনিস্ট পার্টি গঠিত হয় —
(ক) মিরাটে (খ) কানপুরে (গ) বিশাখাপত্তনমে (ঘ) কলকাতায়।
১.১৫ মিরাট ষড়যন্ত্র মামলায় (১৯২৯) ক-জন বিদেশি অভিযুক্ত ছিলেন?
(ক) ৩ জন (খ) ৪ জন (গ) ৫ জন (ঘ) ১০ জন।
১.১৬ 'জয়শ্রী' পত্রিকা কোন সংগঠনের সঙ্গে যুক্ত ছিল?
(ক) দীপালি সংঘ (খ) নারী সত্যাগ্রহ সমিতি (গ) ভগিনী সেনা (ঘ) অনুশীলন সমিতি।
১.১৭ 'ভারত স্ত্রী মহামণ্ডল' স্থাপন করেন —
(ক) বাসন্তী দেবী (খ) সরলা দেবী (গ) সরোজিনী নাইডু (ঘ) উষা মেহতা।
১.১৮ 'জাস্টিস পার্টি' গঠিত হয় —
(ক) ১৯১৫ খ্রি: (খ) ১৯১৬ খ্রি: (গ) ১৯১৭ খ্রি: (ঘ) ১৯১৮ খ্রি:।
১.১৯ 'এ ট্রেন টু পাকিস্তান' বইটি লেখেন —
(ক) সলমন রুশদি (খ) ভি. পি. মেনন (গ) খুশবন্ত সিং (ঘ) আয়েশা জালাল।
১.২০ স্বাধীন ভারতের প্রথম সাধারণ নির্বাচন হয় —
(ক) ১৯৪৮-৪৯ (খ) ১৯৪৯-৫০ (গ) ১৯৫০-৫১ (ঘ) ১৯৫১-৫২

বিভাগ- 'খ'

২। প্রতিটি উপবিভাগ থেকে অন্ততঃ একটি করে মোট ১৬টি প্রশ্নের উত্তর দাও : ১×১৬=১৬

উপবিভাগ ২.১ ঃ একটি বাক্যে উত্তর দাও :

২.১.১ 'একাত্তরের ডায়েরী' কার আত্মজীবনী ?
২.১.২ 'ব্রহ্মানন্দ' নামে পরিচিত ছিলেন কে ?
২.১.৩ 'ভাইসরয়' শব্দের অর্থ কী ?
২.১.৪ 'কুনবি' কাদের বলা হয়?

উপবিভাগ- ২.২ ঃ ঠিক বা ভুল নির্ণয় করো :

২.২.১ হিন্দু কলেজের বর্তমান নাম স্কটিশ চার্চ কলেজ।
২.২.২ ডিং খরচা নামে চাঁদা সংগ্রহ করা হত কোল বিদ্রোহে।
২.২.৩ ভারতের প্রথম সংবাদপত্রের নাম দিগ্‌দর্শন।
২.২.৪ সত্যশোধক সমাজ প্রতিষ্ঠা করেন জ্যোতিবা ফুলে।

উপবিভাগ- ২.৩ ঃ 'ক' স্তম্ভের সঙ্গে 'খ' স্তম্ভ মেলাও :

'ক' স্তম্ভ	'খ' স্তম্ভ
২.৩.১ নবান্ন	ক) পাহাড়ের প্রান্তদেশ
২.৩.২ দামিন-ই-কোহ	খ) উইলিয়াম জোনস্
২.৩.৩ এশিয়াটিক সোসাইটি	গ) সরলাদেবী চৌধুরাণী
২.৩.৪ লক্ষ্মীর ভাণ্ডার	ঘ) বিজন ভট্টাচার্য

উপবিভাগ- ২.৪ ঃ প্রদত্ত ভারতবর্ষের রেখামানচিত্রে নিম্নলিখিত স্থানগুলি চিহ্নিত করো ও নাম লেখো:

২.৪.১ সাঁওতাল বিদ্রোহের একটি এলাকা।
২.৪.২ সিপাহি বিদ্রোহের কেন্দ্র — লখনউ।
২.৪.৩ চৌরিচৌরা।
২.৪.৪ জম্মু ও কাশ্মীর।

উপবিভাগ- ২.৫ ঃ নীচের বিবৃতিগুলির সঠিক ব্যাখ্যাটি নির্বাচন করো :

২.৫.১ বিবৃতি : বীরসালিঙ্গমকে দক্ষিণ ভারতের বিদ্যাসাগর বলা হয়।
ব্যাখ্যা - ১. তিনি দক্ষিণ ভারতে বিদ্যাসাগরের মতো শিক্ষা সংস্কার আন্দোলনে যুক্ত ছিলেন।
ব্যাখ্যা - ২. তিনি বিধবাবিবাহের উগ্র সমর্থক ছিলেন এবং এর পক্ষে আন্দোলন গড়ে তোলেন।
ব্যাখ্যা - ৩. তিনি বর্ণপরিচয়ের তেলেগু অনুবাদ করেন।

২.৫.২ বিবৃতি : বঙ্গভঙ্গ বিরোধী আন্দোলনে গান্ধী কোনো ভূমিকা পালন করেননি।
ব্যাখ্যা - ১. সে সময়ে গান্ধীজি জাতীয় কংগ্রেসের সদস্য ছিলেন না।
ব্যাখ্যা - ২. সে সময় গান্ধীজি দেশেই ছিলেন না।
ব্যাখ্যা - ৩. এই আন্দোলন চলাকালে তিনি জেলে বন্দি ছিলেন।

২.৫.৩ বিবৃতি : 'একা' আন্দোলন সংগঠিত হয়েছিল উত্তরপ্রদেশে।
ব্যাখ্যা - ১. এটা ছিল ব্যক্তিগত আন্দোলন।
ব্যাখ্যা - ২. এটা ছিল একটি কৃষক আন্দোলন।
ব্যাখ্যা - ৩. এটা ছিল একটি শ্রমিক আন্দোলন।

২.৫.৪ বিবৃতি : দেশীয় রাজ্যগুলির অন্তর্ভুক্তি প্রয়োজন ছিল ভারতের স্বার্থে।
ব্যাখ্যা - ১. বৈদেশিক আক্রমণ প্রতিহত করার জন্য।
ব্যাখ্যা - ২. দেশীয় রাজাদের অত্যাচার থেকে ভারতীয়দের রক্ষা করার জন্য।
ব্যাখ্যা - ৩. ভারতের রাজনৈতিক ঐক্য ও সংহতি গড়ে তোলার জন্য।

বিভাগ - 'গ'

৩। দুটি অথবা তিনটি বাক্যে নীচের প্রশ্নগুলির উত্তর দাও (যে কোনো ১১টি) ঃ ২×১১=২২

৩.১ আঞ্চলিক ইতিহাসচর্চা গুরুত্বপূর্ণ কেন?
৩.২ ফোটোগ্রাফি কীভাবে আধুনিক ইতিহাসচর্চার উপাদান হয়ে উঠেছে?
৩.৩ মধুসূদন গুপ্ত কে ছিলেন?
৩.৪ অ্যাকাডেমিক অ্যাসোসিয়েশন প্রতিষ্ঠার উদ্দেশ্য কী ছিল?
৩.৫ শ্রীরামকৃষ্ণের সর্বধর্মসমন্বয়ের মূল কথা কী?
৩.৬ সাঁওতাল বিদ্রোহের ব্যর্থতার দুটি কারণ লেখো।
৩.৭ সভাসমিতি যুগের দুটি বৈশিষ্ট্য লেখো।
৩.৮ জেমস্ অগাস্টাস হিকি কী কারণে স্মরণীয়?
৩.৯ বাবা রামচন্দ্র কে ছিলেন?
৩.১০ শান্তিনিকেতন প্রতিষ্ঠার রবীন্দ্রনাথের দুটি উদ্দেশ্য লেখো।
৩.১১ দীপালি সংঘ কেন প্রতিষ্ঠিত হয়?
৩.১২ মাদারি পাসি কে ছিলেন?
৩.১৩ 'রশিদ আলি দিবস' কী?
৩.১৪ ভারত ভুক্তির 'দলিল' কী?
৩.১৫ কী উদ্দেশ্যে কংগ্রেস সমাজতন্ত্রী দল প্রতিষ্ঠিত হয়?
৩.১৬ দলিত কাদের বলা হয়?

বিভাগ - 'ঘ'

৪। সাত বা আটটি বাক্যে প্রতিটি উপবিভাগ থেকে অন্ততঃ ১টি করে মোট ৬টি প্রশ্নের উত্তর দাও : ৪×৬=২৪

উপবিভাগ — ঘ.১

৪.১ উডের নির্দেশনামা (১৮৫৪)-কে এদেশের শিক্ষাবিস্তারের 'ম্যাগনাকার্টা' বলা হয় কেন?
৪.২ উনিশ শতকে নারীশিক্ষা বিস্তারে ড্রিংক ওয়াটার বেথুন কী ভূমিকা গ্রহণ করেছিলেন?

উপবিভাগ — ঘ.২

৪.৩ বারাসাত বিদ্রোহের প্রকৃতি বিশ্লেষণ করো।
৪.৪ ১৮৫৬ খ্রিস্টাব্দে সাঁওতালরা বিদ্রোহ করেছিল কেন?

উপবিভাগ — ঘ.৩

৪.৫ বাংলার ছাপাখানা বিকাশে গঙ্গাকিশোর ভট্টাচার্যের ভূমিকা লেখো।
৪.৬ বাংলায়বিজ্ঞান চর্চার বিকাশে ড: মহেন্দ্রলাল সরকারের অবদান লেখো।

উপবিভাগ — ঘ.৪

৪.৭ হায়দ্রাবাদ রাজ্যটি কীভাবে ভারতভুক্ত হয়?
৪.৮ কীভাবে কাশ্মীর সমস্যার সৃষ্টি হয়?

বিভাগ - 'ঙ'

৫। পনেরো-ষোলোটি বাক্যে যে কোনো একটি প্রশ্নের উত্তর দাও : ৮×১=৮

৫.১ উনিশ শতকের প্রথমার্ধে সতীদাহ প্রথা বিরোধী প্রচেষ্টাগুলির পরিচয় দাও। রামমোহন রায় কীভাবে সতীদাহ প্রথা বিরোধী আন্দোলনকে সাফল্যমণ্ডিত করেন? ৩+৫
৫.২ সংক্ষেপে মহাবিদ্রোহের চরিত্র (১৮৫৭) বিশ্লেষণ করো। ৮
৫.৩ বাংলায় নমঃশূদ্র আন্দোলনের সংক্ষিপ্ত বিবরণ দাও। ৮

ANSWER KEY

১.১ গ) অনিল শীল ১.২ গ) ১৯৬০ ১.৩ গ) জোসেফ ব্রামলি ১.৪ ক) ১৮৫৬ খ্রি: ১.৫ ক) ১৮২১ খ্রি: ১.৬ খ) সাঁওতালদের স্বাধীন সত্তা ১.৭ খ) লুই বোনার্ড ১.৮ খ) বেগম হজরত মহল ১.৯ গ) অরবিন্দ ঘোষ ১.১০ গ) ১৮৭৬ খ্রি: ১.১১ ক) পোর্তুগিজরা ১.১২ খ) উইলিয়াম কেরি ১.১৩ ক) রামেন্দ্রসুন্দর ত্রিবেদী ১.১৪ খ) কানপুরে ১.১৫ ক) ৩ জন ১.১৬ ক) দীপালি সংঘ ১.১৭ খ) সরলা দেবী ১.১৮ খ) ১৯১৬ খ্রি: ১.১৯ গ) খুশবন্ত সিং ১.২০ ঘ) ১৯৫১-৫২

TAPSIKHATA HIGH SCHOOL
HISTORY

F.M. - 90 Time - 3 Hr. 15 Min.

বিভাগ - ক

১। **সঠিক উত্তরটি নির্বাচন করো :** ১×২০=২০

১.১ বিশ্ব পরিবেশ দিবস পালিত হয়—
(ক) ৮ জানুয়ারি (খ) ২৪ জানুয়ারি (গ) ৮ মার্চ (ঘ) ৫ জুন

১.২ 'অশান্ত অরণ্য জীবন' গ্রন্থটি রচনা করেন—
(ক) রামচন্দ্র গুহ (খ) ইরফান হাবিব (গ) সুবোধ ঘোষ (ঘ) যদুনাথ সরকার

১.৩ বামাবোধিনী পত্রিকাটি ছিল—
(ক) দৈনিক (খ) সাপ্তাহিক (গ) পাক্ষিক (ঘ) মাসিক

১.৪ দেবেন্দ্রনাথ ঠাকুর ব্রাহ্মসমাজে যোগ দেন —
(ক) ১৮৩০ খ্রিস্টাব্দে (খ) ১৮৩৩ খ্রিস্টাব্দে (গ) ১৮৪৩ খ্রিস্টাব্দে (ঘ) ১৮৫০ খ্রিস্টাব্দে

১.৫ সাধারণ জনশিক্ষা কমিটি হয় —
(ক) ১৭১৩ খ্রিস্টাব্দে (খ) ১৯১৩ খ্রিস্টাব্দে (গ) ১৮১৩ খ্রিস্টাব্দে (ঘ) ১৯২৩ খ্রিস্টাব্দে

১.৬ কোল বিদ্রোহ অনুষ্ঠিত হয়েছিল-
(ক) মেদিনীপুরে (খ) ঝাড়গ্রামে (গ) ছোটনাগপুরে (ঘ) রাঁচিতে

১.৭ সাঁওতাল সম্প্রদায়ের আদি নাম ছিল—
(ক) হুল (খ) চঞ্চল (গ) খেরোয়ার (ঘ) হোস

১.৮ সিপাহী বিদ্রোহের প্রকৃত সূচনা হয়—
(ক) দিল্লি (খ) মিরাট (গ) অযোধ্যা (ঘ) ব্যারাকপুর

১.৯ 'The Great Rebellion' গ্রন্থটি রচনা করেন—
(ক) তালমিছ খালদুন (খ) গৌতম ভদ্র (গ) রণজিৎ গুহ (ঘ) রমেশচন্দ্র মজুমদার

১.১০ কুনওয়ার সিং কোন অঞ্চল থেকে সিপাহী বিদ্রোহের নেতৃত্ব দেন—
(ক) মিরাট (খ) কানপুর (গ) বিহার (ঘ) লক্ষ্ণৌ

১.১১ বাংলা ভাষায় প্রথম বই ছাপা হয়—
(ক) ১৫৫৬ খ্রিস্টাব্দে (খ) ১৭৭৮ খ্রিস্টাব্দে (গ) ১৭৮৭ খ্রিস্টাব্দে (ঘ) ১৮৭৭ খ্রিস্টাব্দে

১.১২ উইলিয়াম কেরি রচিত বইটি হল—
(ক) ইতিহাসমালা (খ) লিপিমালা (গ) শিশুশিক্ষা (ঘ) ব্যাকরণ সার

১.১৩ তেলেঙ্গানা কৃষক বিদ্রোহ সংঘটিত হয়—
(ক) ১৯৩০ খ্রিস্টাব্দে (খ) ১৯৩৫ খ্রিস্টাব্দে (গ) ১৯৪০ খ্রিস্টাব্দে (ঘ) ১৯৪৬ খ্রিস্টাব্দে

১.১৪ কুনবি বলা হত—
(ক) উত্তরপ্রদেশের কৃষকদের (খ) দাক্ষিণাত্যের কৃষকদের (গ) বিহারের কৃষকদের (ঘ) বাংলার কৃষকদের

১.১৫ ভাইকম সত্যাগ্রহ অনুষ্ঠিত হয়েছিল—
(ক) মালাবারে (খ) মাদ্রাজে (গ) মহারাষ্ট্রে (ঘ) হায়দ্রাবাদে

১.১৬ ভারতে বিপ্লবী আন্দোলনের প্রথম নারী শহীদ ছিলেন—
(ক) মাতঙ্গিনী হাজরা (খ) প্রীতিলতা ওয়াদ্দেদার (গ) কল্পনা দত্ত (ঘ) বীণা দাস

১.১৭ ডিনামাইট ষড়যন্ত্র মামলায় অভিযুক্ত হন —
(ক) কল্পনা দত্ত (খ) সরোজিনী নাইডু (গ) ননীবালা দেবী (ঘ) লীলা নাগ

১.১৮ বেঙ্গল ভলেন্টিয়ার্স দল গঠন করেন—
(ক) হেমচন্দ্র কানুনগো (খ) হেমচন্দ্র ঘোষ (গ) হেমন্ত বসু (ঘ) হেমন্ত বিশ্বাস

১.১৯ পশ্চিমবঙ্গের প্রথম মুখ্যমন্ত্রী ছিলেন —
(ক) ডঃ বিধান চন্দ্র রায় (খ) প্রফুল্ল সেন (গ) প্রফুল্ল ঘোষ (ঘ) ডঃ শ্যামাপ্রসাদ মুখার্জী

১.২০ 'The Marginal Men' বইটি রচনা করেন —
(ক) খুশবন্ত সিং (খ) ভীষ্ম সাহানি (গ) জ্যোতি বসু (ঘ) প্রফুল্ল কুমার চক্রবর্তী

বিভাগ- খ

২। **নীচের প্রশ্নগুলির উত্তরদাও : প্রতিটি উপবিভাগ থেকে অন্ততঃ একটি করে মোট ১৬টি প্রশ্নের উত্তর দাও :** ১×১৬=১৬

উপবিভাগ ২.১ (একটি বাক্যে উত্তর দাও) : ১×৪=৪

২.১.১ 'বাপি বাড়ি যা'— বইটি কে রচনা করেন?

২.১.২ কলকাতা বিশ্ববিদ্যালয়ের প্রথম ভারতীয় উপাচার্য কে ছিলেন?

২.১.৩ ঊষা মেহতা কোন আন্দোলনের সঙ্গে যুক্ত ছিলেন?
২.১.৪ বেঙ্গল ন্যাশনাল স্কুল অ্যান্ড কলেজ কে প্রতিষ্ঠা করেন?

উপবিভাগ- ২.২ (সত্য বা মিথ্যা নির্ণয় করো) : ১×৪=৪

২.২.১ 'ভারতমাতা' চিত্রটি স্বদেশি আন্দোলনের পটভূমিকায় অঙ্কিত।
২.২.২ রানি লক্ষ্মীবাঈ সিপাহী বিদ্রোহে লক্ষ্ণৌ থেকে নেতৃত্ব দেন।
২.২.৩ বিজয় কৃষ্ণ গোস্বামী নব্য বঙ্গ আন্দোলনের প্রবক্তা।
২.২.৪ বেট বেগারী প্রথা মুন্ডা সমাজে প্রচলিত।

উপবিভাগ- ২.৩ ('ক' স্তম্ভের সঙ্গে 'খ' স্তম্ভ মেলাও) : ১×৪=৪

'ক' স্তম্ভ	'খ' স্তম্ভ
২.৩.১ জগন্নাথ সিংহ	ক. জমিদার সভা
২.৩.২ রাজা রামমোহন রায়	খ. চুয়াড় বিদ্রোহ
২.৩.৩ দ্বারকানাথ ঠাকুর	গ. বেঙ্গল টেকনিক্যাল ইনস্টিটিউট
২.৩.৮ তারকনাথ পালিত	ঘ. অ্যাংলো হিন্দু স্কুল

উপবিভাগ- ২.৪ ঃ প্রদত্ত ভারতবর্ষের রেখামানচিত্রে নিম্নলিখিত স্থানগুলি চিহ্নিত করো ও নামাঙ্কিত করো: ১×৪=৪

২.৪.১ বাংলায় ওয়াহাবি আন্দোলনের কেন্দ্র — বারাসত
২.৪.২ কোল বিদ্রোহের এলাকা — ছোটনাগপুর
২.৪.৩ আইন অমান্য আন্দোলনের কেন্দ্র — ডান্ডি
২.৪.৪ দেশীয় রাজ্য — জুনাগড়

উপবিভাগ- ২.৫ (নীচের বিবৃতিগুলির সঠিক ব্যাখ্যাটি নির্বাচন করো): ১×৪=৪

২.৫.১ বিবৃতি : আত্মজীবনী ও স্মৃতিকথা ইতিহাসের উপাদান হিসেবে ত্রুটিযুক্ত।
ব্যাখ্যা ১ : এই গ্রন্থে কেবল লেখক-এর সময় তথ্য লিপিবদ্ধ থাকে।
ব্যাখ্যা ২ : এই গ্রন্থে এই ধরনের লেখা লেখকের নিজস্ব দৃষ্টিভঙ্গি ও রুচির ওপর নির্ভরশীল।
ব্যাখ্যা ৩ : এই ধরনের লেখায় রাজনীতি ও ধর্মের কোনো তথ্য থাকে না।

২.৫.২ বিবৃতি : মাতঙ্গিনী হাজরা, গান্ধী বুড়ি নামে পরিচিত ছিলেন।
ব্যাখ্যা ১ : মাতঙ্গিনী গান্ধীজির আদর্শে উদ্বুদ্ধ ছিলেন।
ব্যাখ্যা ২ : মাতঙ্গিনী হাজরা বয়স্ক মহিলা ছিলেন।
ব্যাখ্যা ৩ : মাতঙ্গিনী গান্ধীজীর আত্মীয় ছিলেন।

২.৫.৩ বিবৃতি : বঙ্গভঙ্গ আন্দোলনে ছাত্ররা যোগদান করেছিল।
ব্যাখ্যা ১ : ছাত্ররা বঙ্গভঙ্গ মেনে নিতে পারেনি।
ব্যাখ্যা ২ : গান্ধীজি ছাত্রদের আন্দোলনের জন্য আহ্বান জানান।
ব্যাখ্যা ৩ : ছাত্রদের ওপর অত্যাচার করা হয়েছিল।

২.৫.৪ বিবৃতি : বাংলায় নমঃশূদ্র আন্দোলনের সীমাবদ্ধতা ছিল
ব্যাখ্যা ১: বাংলায় নমঃশূদ্ররা সংগঠিত ছিল না।
ব্যাখ্যা ২: তাদের মধ্যে অন্তঃকলহ ছিল।
ব্যাখ্যা ৩ : তারা নিজেদের ব্রাহ্মণত্ব দাবি করেছিল।

বিভাগ - 'গ'

৩। **দুটি অথবা তিনটি বাক্যে নীচের প্রশ্নগুলির উত্তর দাও (যে কোন ১১টি) :** ২×১১=২২

৩.১ ফটোগ্রাফিকে পুরোপুরি নিরপেক্ষ উপাদান মনে করা হয় না কেন?
৩.২ নারী ইতিহাস চর্চার উদ্দেশ্য কী?
৩.৩ স্কুল বুক সোসাইটি প্রতিষ্ঠার উদ্দেশ্য কী ছিল?
৩.৪ হাজি মহম্মদ মহসিন ইতিহাসে বিখ্যাত কেন?
৩.৫ জঙ্গলমহল কী?
৩.৬ ফরাজি আন্দোলন কি নিছক ধর্মীয় আন্দোলন ছিল?
৩.৭ ১৮৫৮ খ্রিস্টাব্দের ভারত শাসন আইন কি?
৩.৮ হিন্দু মেলার সীমাবদ্ধতা কী ছিল?
৩.৯ জাইলোগ্রাফি কী ?
৩.১০ জাতীয় শিক্ষা পরিষদ গঠনের উদ্দেশ্য কী ছিল?
৩.১১ মোপলা বিদ্রোহের কারণ কী?
৩.১২ হুইটলি কমিশন কী?
৩.১৩ গান্ধীজি কেন লবণ সত্যাগ্রহের ডাক দেন?
৩.১৪ কারা, কবে জাস্টিস পার্টি প্রতিষ্ঠা করে?

৩.১৫ কাকে, কেন ভারতের লৌহমানব বলা হয়?
৩.১৬ উদ্বাস্তু সমস্যার ক্ষেত্রে পাঞ্জাব ও বাংলায় চরিত্রগত কী পার্থক্য ছিল?

বিভাগ - 'ঘ'

৪। **সাত বা আটটি বাক্যে প্রতিটি উপবিভাগ থেকে অন্তত ১টি করে মোট ৬টি প্রশ্নের উত্তর দাও :** ৪×৬=২৪

উপবিভাগ — ঘ.১

৪.১.১ হুতোম প্যাঁচার নকশা গ্রন্থে উনিশ শতকের বাংলার কীরূপ সমাজচিত্র পাওয়া যায়?
৪.১.২ উনিশ শতকে বাংলায় নবজাগরণের সীমাবদ্ধতা লেখো।

উপবিভাগ — ঘ.২

৪.২.১ সাঁওতাল বিদ্রোহের বৈশিষ্ট্য লেখো।
৪.২.২ বাংলায় ওয়াহাবি আন্দোলনের প্রকৃতি কী ছিল?

উপবিভাগ — ঘ.৩

৪.৩.১ কারিগরি শিক্ষার বিকাশে বেঙ্গল টেকনিক্যাল ইনস্টিটিউটের ভূমিকা কী ছিল?
৪.৩.২ বিশ্বভারতী প্রতিষ্ঠার ক্ষেত্রে রবীন্দ্রনাথ ঠাকুরের শিক্ষাচিন্তার পরিচয় দাও।

উপবিভাগ — ঘ.৪

৪.৪.১ বিংশ শতাব্দীর ভারতে নারী আন্দোলনের চরিত্র আলোচনা করো।
৪.৪.২ দলিত আন্দোলন বিষয়ে গান্ধী-আম্বেদকর বিতর্ক নিয়ে আলোচনা করো।

বিভাগ - 'ঙ'

৫। **পনেরো-ষোলোটি বাক্য যে কোনো একটি প্রশ্নের উত্তর দাও :** ৮×১=৮

৫.১ উনিশ শতকে বাংলায় সমাজ সংস্কারে ব্রাহ্মসমাজের উদ্যোগ আলোচনা কর। ব্রাহ্মসমাজের বিভাজনের কারণ কী? ৫+৩
৫.২ ব্রিটিশবিরোধী জনমত গঠনে বাংলার সভাসমিতিগুলির পরিচয় দাও। ৮
৫.৩ বঙ্গভঙ্গ বিরোধী আন্দোলনে নারীসমাজ কীভাবে এগিয়ে এসেছিল? বাংলার বিপ্লবী আন্দোলনে নারীদের ভূমিকা আলোচনা করো। ৩+৫

ANSWER KEY

১.১ (ঘ) ৫ জুন ১.২ (ক) রামচন্দ্র গুহ ১.৩ (ঘ) মাসিক ১.৪ (খ) ১৮৩৩ খ্রি. ১.৫ (ঘ) ১৯২৩ খ্রি. ১.৬ (গ) ছোটনাগপুরে ১.৭ (গ) খেরোয়ার ১.৮ (ঘ) ব্যারাকপুর ১.৯ (গ) রণজিৎ গুহ ১.১০ (গ) বিহার ১.১১ (খ) ১৭৭৮ খ্রিস্টাব্দে ১.১২ (ক) ইতিহাসমালা ১.১৩ (ঘ) ১৯৪৬ খ্রিস্টাব্দে ১.১৪ (ক) উত্তরপ্রদেশের কৃষকদের ১.১৫ (ক) মালাবারে ১.১৬ (খ) প্রীতিলতা ওয়াদ্দেদার ১.১৭ (ক) কল্পনা দত্ত ১.১৮ (খ) হেমচন্দ্র ঘোষ ১.১৯ (গ) প্রফুল্ল ঘোষ ১.২০ (ঘ) প্রফুল্ল কুমার চক্রবর্তী

MAHARANI INDIRA DEVI BALIKA VIDYALAYA
HISTORY

F.M. - 90 Time - 3 Hr. 15 Min.

বিভাগ — 'ক'

১। **সঠিক উত্তরটি বেছে নিয়ে লেখো ঃ** ১×২০=২০

১.১) 'একাত্তরের ডায়েরি' গ্রন্থটি লিখেছেন—
ক) সেলিন হোসেন খ) মণিকুন্তলা সেন গ) জ্যোতির্ময়ী দেবী ঘ) সুফিয়া কামাল।

১.২) ভারতের 'সংস্কৃতি - শহর' বলা হয়—
ক) কলকাতাকে খ) মুম্বাইকে গ) দিল্লিকে ঘ) চেন্নাইকে।

১.৩) 'বামাবোধিনী' পত্রিকাটির সম্পাদক ছিলেন—
ক) উমেশ চন্দ্র দত্ত খ) কেশবচন্দ্র সেন গ) দ্বারকানাথ গঙ্গোপাধ্যায় ঘ) রবীন্দ্রনাথ ঠাকুর।

১.৪) 'এশিয়াটিক সোসাইটি' স্থাপিত হয়—
ক) ১৭৮১ খ্রিঃ খ) ১৭৮৪ খ্রিঃ গ) ১৭৮৮ খ্রিঃ ঘ) ১৭৯৩ খ্রিঃ।

১.৫) 'হুতোম প্যাঁচার নক্সা' লিখেছেন—
ক) কালীপ্রসন্ন সিংহ খ) প্যারীচাঁদ মিত্র, গ) দীনবন্ধু মিত্র ঘ) শিবনাথ শাস্ত্রী।

১.৬) 'হিন্দু প্যাট্রিয়ট' পত্রিকার সম্পাদক ছিলেন—
ক) ব্রহ্মবান্ধব উপাধ্যায় খ) দীনবন্ধু মিত্র গ) হরিশচন্দ্র মুখোপাধ্যায় ঘ) স্বর্ণকুমারী দেবী।

১.৭) 'চুয়াড়' কথার অর্থ হল—
ক) উচ্চজাতি খ) নীচজাতি গ) আদিবাসী ঘ) সত্যজাতি।

১.৮) 'বন্দেমাতরম' সংগীতটি রচিত হয়—
ক) ১৮৭০ খ্রিঃ খ) ১৮৭২ খ্রিঃ গ) ১৮৭৫ খ্রিঃ (ঘ) ১৮৭৬ খ্রিঃ।

১.৯) 'অস্ত্র আইন' পাস হয়েছিল কার আমলে—
ক) হেস্টিংস খ) লর্ড লিটন গ) কর্নওয়ালিস ঘ) ওয়েলেসলি।

১.১০) ভারতের প্রথম ভাইসরয় ছিলেন—
ক) লর্ড ক্যানিং খ) লর্ড বেন্টিঙ্ক গ) লর্ড ডালহৌসি ঘ) লর্ড মাউন্ট ব্যাটেন।

১.১১) গগনেন্দ্রনাথ ঠাকুর ছিলেন—
ক) সংগীত শিল্পী খ) নাট্যকার গ) কবি ঘ) ব্যঙ্গচিত্র শিল্পী।

১.১২) 'বসু বিজ্ঞান মন্দির' এর প্রতিষ্ঠাতা ছিলেন—
ক) জগদীশচন্দ্র বসু খ) সুভাষচন্দ্র বসু গ) প্রফুল্ল চন্দ্র রায় ঘ) সত্যেন্দ্রনাথ বসু।

১.১৩) 'বিদ্যা বণিক' নামে পরিচিত হন—
ক) রামমোহন রায় খ) বিদ্যাসাগর গ) উপেন্দ্র কিশোর রায়চৌধুরী ঘ) কেরি।

১.১৪) 'একা' আন্দোলনের নেতা ছিলেন—
ক) মাদারি পাসি খ) ডঃ আম্বেদকর গ) মহাত্মা গান্ধি ঘ) বাবা রামচন্দ্র।

১.১৫) 'দেশপ্রাণ' নামে পরিচিত ছিলেন—
ক) সতীশ চন্দ্র সামন্ত খ) অশ্বিনীকুমার দত্ত গ) বীরেন্দ্রনাথ শামমল ঘ) যতীন্দ্রমোহন সেনগুপ্ত।

১.১৬) পূর্ব বাংলার নমঃশূদ্ররা ছিলেন—
ক) পুরোহিত খ) কৃষক গ) শিল্প শ্রমিক ঘ) মৎস্যজীবী।

১.১৭) মাতঙ্গিনি হাজরা 'ভারত ছাড়ো' আন্দোলনে অংশগ্রহণ করেছিলেন যে স্থানে—
ক) তমলুক খ) সুতাহাটা গ) বরিশাল ঘ) পাটনা।

১.১৮) নারীদের ভোটাধিকার অর্জনের নেতৃত্ব দেন—
ক) অবলা বসু খ) সরোজিনী নাইডু গ) অ্যানি বেসান্ত ঘ) বাসন্তী দেবী।

১.১৯) 'নারী কর্মমন্দির' স্থাপন করেন—
ক) উর্মিলা দেবী খ) স্বর্ণকুমারী দেবী গ) কুমুদিনী মিত্র ঘ) মীরা দাশগুপ্ত।

১.২০) 'এ ট্রেন টু পাকিস্তান' লিখেছেন—
ক) জওহরলাল নেহরু খ) ভি. পি. মেনন গ) খুশবন্ত সিং ঘ) সলমন রুশদি।

বিভাগ — 'খ'

২। যেকোনো ষোলোটি প্রশ্নের উত্তর দাও (প্রতিটি উপবিভাগ থেকে অন্তত একটি প্রশ্নের উত্তর দিতে হবে) :- ১×১৬=১৬

উপবিভাগ - ২.১ ঠিক বা ভুল নির্ণয় করো :- ১×৪=৪

২.১.১) 'গোরা' উপন্যাসটির রচয়িতা হলেন রবীন্দ্রনাথ ঠাকুর।
২.১.২) 'গ্রামবার্ত্তা প্রকাশিকা' ছিল একটি গ্রামীণ সংবাদপত্র।
২.১.৩) 'ওয়াহাবি' কথার অর্থ হল নবজাগরণ।
২.১.৪) ভারতসভা দ্বারকানাথ ঠাকুর তৈরি করেন।

উপবিভাগ ২.২ একটি বাক্যে উত্তর দাও :- ১×৪=৪

২.২.১) প্রথম বাংলা চলচ্চিত্রটির নাম কী?
২.২.২) 'বেঙ্গল গেজেট' নামক সংবাদপত্রটির সম্পাদক কে ছিলেন?
২.২.৩) কাকে মেদিনীপুরের লক্ষ্মীবাঈ বলা হয়?
২.২.৪) কে 'মুকুটহীন রাজা' নামে পরিচিত?

উপবিভাগ - '২.৩'

'ক' স্তম্ভের সঙ্গে 'খ' স্তম্ভ মেলাও :-

'ক' স্তম্ভ	'খ' স্তম্ভ
২.৩.১) বুদ্ধু ভগৎ	১) এস. সি. মল্লিক
২.৩.২) দীনবন্ধু মিত্র	২) নীলদর্পণ
২.৩.৩) হিন্দুমেলা	৩) কোল বিদ্রোহ
২.৩.৪) জাতীয় শিক্ষা	৪) নবগোপাল মিত্র

উপবিভাগ — ২.৪

২.৪) প্রদত্ত ভারতবর্ষের রেখা মানচিত্রে নিম্নলিখিত স্থানগুলি চিহ্নিত করো ও নাম লেখো :- ১×৪=৪

২.৪.১) দেশীয় রাজ্য জুনাগড়।
২.৪.২) সাঁওতাল বিদ্রোহ।
২.৪.৩) কানপুর।
২.৪.৪) মহাবিদ্রোহের (১৮৫৭) অন্যতম কেন্দ্র।

উপবিভাগ - ২.৫

নিম্নলিখিত বিবৃতিগুলির সঙ্গে সঠিক ব্যাখ্যাটি নির্বাচন করো :- ১×৪=৪

২.৫.১) পঞ্চানন কর্মকার উন্নত মানের বাংলা হরফ তৈরি করতে সক্ষম হন।
ব্যাখ্যা ঃ-১) পঞ্চানন কর্মকার কামার ছিলেন।
২) পঞ্চানন কর্মকার হস্তরেখা বিশারদ ছিলেন।
৩) পঞ্চানন কর্মকার কামার ছিলেন না।

২.৫.২) বিবৃতি ঃ- আচার্য প্রফুল্লচন্দ্র রায় 'বেঙ্গল কেমিক্যালস' প্রতিষ্ঠা করেন।
ব্যাখ্যা ঃ- ১) এর দ্বারা তিনি নিজেকে একজন সুদক্ষ ব্যবসায়ী হিসেবে প্রতিষ্ঠিত করতে চান।
ব্যাখ্যা ঃ- ২) এর দ্বারা তিনি দেশকে স্বনির্ভর হওয়ার স্বপ্ন দেখান।
ব্যাখ্যা ঃ- ৩) এর দ্বারা তিনি ভারত ও ইংল্যান্ডের বিজ্ঞানের মধ্যে যোগসূত্র তৈরি করেন।

২.৫.৩) বিবৃতি ঃ গান্ধিজি কখনোই শ্রমজীবীদের আন্দোলনের সঙ্গে যুক্ত হতে চাননি।
ব্যাখ্যা - ১ ঃ গান্ধিজি ছিলেন মিল মালিক শ্রেণির প্রতিনিধি।
ব্যাখ্যা - ২ ঃ গান্ধিজি পুঁজি এবং শ্রমের মধ্যে সংঘর্ষ এড়াতে চেয়েছিলেন।
ব্যাখ্যা - ৩ঃ গান্ধিজি আইন শৃঙ্খলা পরিস্থিতি নিয়ে চিন্তিত ছিলেন।

২.৫.৪) বিবৃতি ঃ সরলাদেবী চৌধুরাণী লক্ষ্মীর ভাণ্ডার প্রতিষ্ঠা করেছিলেন।
ব্যাখ্যা - ১ বিদেশি পণ্য বিক্রির জন্য।
ব্যাখ্যা - ২: আন্দোলনকারী মহিলাদের সাহায্যের জন্য।
ব্যাখ্যা-৩ঃ স্বদেশি পণ্য বিক্রির জন্য।

বিভাগ — 'গ'

৩। **দুটি অথবা তিনটি বাক্যে নীচের প্রশ্নগুলির উত্তর দাও (যেকোনো ১১ টি) :-** ২×১১=১১

৩.১) প্রথম ভারতীয় চলচ্চিত্র কোন্‌টি? এটির পরিচালক কে?
৩.২) কে, কবে ক্যামেরা আবিষ্কার করেন?
৩.৩) উডের ডেসপ্যাচ কী?
৩.৪) মধুসূদন গুপ্ত কে ছিলেন?
৩.৫) বারাসাত বিদ্রোহ কী?
৩.৬) রংপুরের কৃষক বিদ্রোহ কবে, কার নেতৃত্ব হয়?
৩.৭) জমিদার সভা এবং ভারত সভার মধ্যে দুটি পার্থক্য লেখো।
৩.৮) 'ন্যাশনাল স্কুল' কে কবে স্থাপন করেন?
৩.৯) কে, কবে বসু বিজ্ঞান মন্দির প্রতিষ্ঠা করেন?
৩.১০) তারকনাথ পালিত স্মরণীয় কেন?
৩.১১) রশিদ আলি দিবস কেন পালিত হয়?
৩.১২) সাম্প্রদায়িক বাঁটোয়ারা নীতি কী?
৩.১৩) সর্দার প্যাটেলকে 'ভারতের লৌহ মানব' বলা হয় কেন?
৩.১৪) হায়দ্রাবাদ কীভাবে ভারতভুক্ত হয়?
৩.১৫) ভাইকম সত্যাগ্রহ কী?
৩.১৬) কে, কবে, কী উদ্দেশ্য হরিজন সংঘ প্রতিষ্ঠা করেন।

বিভাগ — 'ঘ'

৪। **সাত আটটি বাক্যে নীচের প্রশ্নগুলির উত্তর দাও :-**
(প্রতিটি উপবিভাগ থেকে অন্তত ১ টি করে মোট ৬ টি প্রশ্নের উত্তর দিতে হবে :- ৪×৬=২৪

উপবিভাগ - ঘ. ১

৪.১) পোশাক পরিচ্ছদের ইতিহাসের গুরুত্ব কী? ৪
৪.২) ধর্ম সংস্কার আন্দোলনে স্বামী বিবেকানন্দের চিন্তাধারা বিশ্লেষণ করো। ৪

উপবিভাগ - ঘ. ২

৪.৩) মহারাণীর ঘোষণাপত্রের ঐতিহাসিক তাৎপর্য কী? ৪
৪.৪) আনন্দমঠ উপন্যাসটি কীভাবে জাতীয়তাবাদী চেতনা বিস্তারে সহায়তা করেছিল? ৪

উপবিভাগ - ঘ. ৩

৪.৫) টীকা লেখো ঃ- কারিগরী শিক্ষার বিকাশ। ৪
৪.৬) আইন অমান্য আন্দোলনে কৃষক শ্রেণির ভূমিকা কী ছিল? ৪

উপবিভাগ - ঘ. ৪

৪.৭) দলিত আন্দোলন বিষয়ে গান্ধি আম্বেদকর বির্তক নিয়ে টীকা লেখো। ৪
৪.৮) দেশভাগ জনিত উদবাস্তুসমস্যা সমাধানে ভারত সরকার কী কী উদ্যোগ গ্রহণ করে? ৪

বিভাগ — ঙ

৫। **পনেরো ষোলোটি বাক্যে যেকোনো একটি প্রশ্নের উত্তর দাও :-** ৮×১=৮

৫.১) ভারতে পাশ্চাত্য শিক্ষাবিস্তারে সরকারি ও বেসরকারি উদ্যোগ আলোচনা করো। ৪+৪=৮

৫.২) চিত্রকলার মাধ্যমে অবনীন্দ্রনাথ ঠাকুর ও গগনেন্দ্রনাথ ঠাকুর কীভাবে জাতীয়তাবাদের প্রসার ঘটিয়েছিলেন। ৫+৩=৮

৫.৩) বাংলায় নমঃশূদ্র আন্দোলনের সংক্ষিপ্ত বিবরণ দাও। ৮

ANSWER KEY

১.১ ঘ) সুফিয়া কামাল ১.২ ক) কলকাতাকে ১.৩ ক) উমেশচন্দ্র দত্ত ১.৪ খ) ১৭৮৪ খ্রিঃ ১.৫ ক) কালীপ্রসন্ন সিংহ
১.৬ (গ) হরিশচন্দ্র মুখোপাধ্যায় ১.৭ খ) নীচ জাতি ১.৮ গ) ১৮৭৫ খ্রিঃ ১.৯ খ) লর্ড লিটন
১.১০ ক) লর্ড ক্যানিং ১.১১ ঘ) ব্যঙ্গচিত্র শিল্পী ১.১২ ক) জগদীশচন্দ্র বসু ১.১৩ খ) বিদ্যাসাগর
১.১৪ ক) মাদারি পাসি ১.১৫ গ) বীরেন্দ্রনাথ শাসমল ১.১৬ খ) কৃষক ১.১৭ ক) তমলুক ১.১৮ খ) সরোজিনী নাইডু
১.১৯ ক) উর্মিলা দেবী ১.২০ গ) খুশবন্ত সিং

RANI BENODE MANJARI GOVT. GIRLS' SCHOOL
HISTORY

F.M. - 90 Time - 3 Hr. 15 Min.

বিভাগ - ক

১. **সঠিক উত্তরটি বেছে নিয়ে লেখো ঃ** ১×২০=২০

১.১. ভারতে ফুটবল খেলা প্রবর্তন করে —
ক) ইংরেজরা খ) ফরাসিরা গ) ওলন্দাজরা ঘ) পর্তুগিজরা

১.২. "রয়্যাল বায়োস্কোপ কোম্পানী" থেকে প্রথম বাংলা সিনেমা তৈরি হয় —
ক) রাজা হরিশচন্দ্র খ) পুণ্ডলিক গ) বিল্বমঙ্গল ঘ) একেই বলে শুটিং

১.৩. বামাবোধিনী পত্রিকার প্রতিষ্ঠাতা-সম্পাদক ছিলেন —
ক) উমেশচন্দ্র দত্ত খ) শিশির কুমার ঘোষ গ) সন্তোষ কুমার দত্ত ঘ) দ্বারকানাথ বিদ্যাভূষণ

১.৪. ভগবতী বিদ্যালয় তৈরি হয় —
ক) ১৮৩২ খ্রিস্টাব্দে খ) ১৮৫৫ খ্রিস্টাব্দে গ) ১৮৬৮ খ্রিস্টাব্দে ঘ) ১৮৯০ খ্রিস্টাব্দে

১.৫. সর্বধর্ম সমন্বয়ের আদর্শ প্রচার করেন —
ক) বিজয়কৃষ্ণ গোস্বামী খ) স্বামী বিবেকানন্দ গ) শ্রীশ্রী রামকৃষ্ণ পরমহংসদেব ঘ) রামমোহন রায়

১.৬. ভবানী পাঠক যে বিদ্রোহের সঙ্গে যুক্ত ছিলেন —
ক) চুয়াড় খ) কোল গ) সাঁওতাল ঘ) সন্ন্যাসী ও ফকির

১.৭. দ্য ব্লু মিউটিনি গ্রন্থের লেখক—
ক) ব্লেয়ার কিং খ) টনি ব্লেয়ার গ) মধুসূদন দত্ত ঘ) জেমস্ লঙ

১.৮. "এইটিন ফিফ্‌টি সেভেন" গ্রন্থটি রচনা করেন —
ক) ড. রমেশ চন্দ্র মজুমদার খ) ড. সুরেন্দ্রনাথ সেন গ) ড. শশীভূষণ চৌধুরী ঘ) ড. সুশোভন সরকার

১.৯. প্রথম ভারত সচিব ছিলেন —
ক) টমাস মেকলে খ) জেমস প্রিন্সেপ গ) আর্ল স্ট্যান্‌লি ঘ) আলেকজান্ডার ডাফ

১.১০. 'গোরা' উপন্যাসটি রবীন্দ্রনাথ ঠাকুর উৎসর্গ করেন —
ক) রথীন্দ্রনাথ ঠাকুরকে খ) স্বামী বিবেকানন্দকে গ) মঙ্গল পাণ্ডেকে ঘ) সুরেন্দ্রনাথ বন্দ্যোপাধ্যায়কে

১.১১. ভারতে প্রথম ছাপাখানার প্রচলন করে —
ক) ইংরেজরা খ) ফরাসিরা গ) ওলন্দাজরা ঘ) পর্তুগীজরা

১.১২. বাংলায় পৃথিবীর মানচিত্র প্রথম ছাপা হয় —
ক) ১৮১২ খ্রিস্টাব্দে খ) ১৮২০ খ্রিস্টাব্দে গ) ১৮২৫ খ্রিস্টাব্দে ঘ) ১৯২৫ খ্রিস্টাব্দে

১.১৩. কুনবি হল —
ক) উত্তরপ্রদেশের কৃষক খ) পঞ্জাবের কৃষক গ) বাংলার কৃষক ঘ) গুজরাটের কৃষক

১.১৪. বল্লভভাই প্যাটেল সর্দার উপাধি পান —
ক) বারদৌলি সত্যাগ্রহের পর খ) খেদা সত্যাগ্রহের পর গ) রম্পা সত্যাগ্রহের পর

১.১৫. ভারতে প্রথম মে দিবস পালিত হয় —
ক) কলকাতায় খ) মাদ্রাজে গ) দিল্লীতে ঘ) লাহোরে

১.১৬. "ভারতের বুলবুল" নামে পরিচিত —
ক) অ্যানি বেসান্ত খ) অরুণা আসফ আলি গ) মাদাম কামা ঘ) সরোজিনী নাইডু

১.১৭. "রাষ্ট্রীয় স্ত্রী সংঘ" প্রতিষ্ঠা করেন —
ক) নেলী সেনগুপ্ত খ) বাসন্তী দেবী গ) সরোজিনী নাইডু ঘ) প্রীতিলতা ওয়াদ্দেদার

১.১৮. মাদ্রাজে আত্মসম্মান আন্দোলন শুরু করেন —
ক) নারায়ণ গুরু খ) ভীমরাও আম্বেদকর গ) গান্ধিজী ঘ) রামস্বামী নাইকার

১.১৯. হাসান আজিজুল হক রচিত গ্রন্থটি হল —
ক) স্বাধীনতার স্বাদ খ) সেদিনের কথা গ) আগুন পাখি ঘ) উদ্বাস্তু

১.২০. কোচবিহার পশ্চিমবঙ্গের সাথে যুক্ত হয় —
ক)১৯৫০ খ্রিষ্টাব্দে খ) ১৯৫২ খ্রিষ্টাব্দে গ) ১৯৫৫ খ্রিষ্টাব্দে ঘ) ১৯৫৮ খ্রিষ্টাব্দে

বিভাগ- 'খ'

২। প্রতিটি উপবিভাগ থেকে অন্ততঃ একটি করে মোট ১৬টি প্রশ্নের উত্তর দাও ঃ ১×১৬=১৬

উপবিভাগ ২.১ ঃ একটি বাক্যে উত্তর দাও ঃ ১×৪=৪

২.১.১. 'টোয়িন্টি টু ইয়ার্ডস টু ফ্রিডম' গ্রন্থের লেখক কে?
২.১.২. রামকৃষ্ণ মঠ ও মিশনের মুখপত্রের নাম কী?
২.১.৩. সিপাহি বিদ্রোহের সময় মোগল সম্রাট কে ছিলেন?
২.১.৪. বাংলায় প্রতিষ্ঠিত প্রথম ট্রেড ইউনিয়নটির নাম কী?

উপবিভাগ- ২.২ ঃ ঠিক বা ভুল নির্ণয় করো ঃ ১×৪=৪

২.২.১. ১৮৬৩ খ্রিঃ লন্ডনে মেট্রোরেল স্থাপিত হয়।
২.২.২. রামমোহন রায় কে 'রাজা' উপাধি দিয়েছিলেন দ্বিতীয় আকবর।
২.২.৩. সাঁওতাল বিদ্রোহের শ্লোগান ছিল — 'চল চল ভাগনাডিহি'।
২.২.৪. 'ফাইটিং মুনসেফ' নামে পরিচিত ছিলেন প্যারিমোহন বন্দ্যোপাধ্যায়।

উপবিভাগ- ২.৩ ঃ 'ক' স্তম্ভের সঙ্গে 'খ' স্তম্ভ মেলাও ঃ ১×৪=৪

'ক' স্তম্ভ	'খ' স্তম্ভ
২.৩.১ তারকনাথ পালিত	ক) হরিজন আন্দোলন
২.৩.২ মহেন্দ্রলাল সরকার	খ) নিখিল ভারত ট্রেড ইউনিয়ন কংগ্রেস
২.৩.৩ লালা লাজপৎ রাই	গ) বেঙ্গল টেকনিক্যাল ইন্সটিটিউট
২.৩.৪ মহাত্মা গান্ধী	ঘ) জাতীয় বিজ্ঞানচর্চার জনক

উপবিভাগ- ২.৪ ঃ প্রদত্ত ভারতবর্ষের রেখা-মানচিত্রে নিম্নলিখিত স্থানগুলি চিহ্নিত করো ও নাম লেখো: ১×৪=৪

২.৪.১. বাংলায় ওয়াহাবি আন্দোলনের কেন্দ্র — বারাসাত।
২.৪.২. নীল বিদ্রোহের অন্যতম কেন্দ্র — যশোর
২.৪.৩. মহাবিদ্রোহের অন্যতম কেন্দ্র — দিল্লী
২.৪.৪. দেশীয় রাজ্য — জুনাগড়

উপবিভাগ- ২.৫ ঃ নীচের বিবৃতিগুলির সঠিক ব্যাখ্যাটি নির্বাচন করো ঃ ১×৪=৪

২.৫.১ বিবৃতি : উনিশ শতকে বাংলার নবজাগরণের ব্যাপ্তি ছিল খুবই সীমিত।
ব্যাখ্যা - ১. শুধুমাত্র গ্রাম বাংলায় নবজাগরণ হয়েছিল।
ব্যাখ্যা - ২. এই পরিধি সীমিত ছিল শুধুমাত্র সাহিত্য চর্চার ক্ষেত্রে।
ব্যাখ্যা - ৩. এই নবজাগরণ শুধুমাত্র পাশ্চাত্য শিক্ষায় শিক্ষিত প্রগতিশীল সমাজের মধ্যে সীমিত ছিল।

২.৫.২. বিবৃতি : ভারত সরকার ১৯২৯ খ্রিঃ মিরাট ষড়যন্ত্র মামলা শুরু করে।
ব্যাখ্যা - ১. বিপ্লবীদের দমনের জন্য
ব্যাখ্যা - ২. আইন অমান্য আন্দোলন বন্ধ করার জন্য।
ব্যাখ্যা - ৩. দেশব্যাপী সাম্যবাদী কার্যকলাপ দমনের জন্য।

২.৫.৩. বিবৃতি : ইতিহাসে বীণা দাসের নাম স্মরণীয়।
ব্যাখ্যা - ১. চট্টগ্রাম অস্ত্রাগার লুণ্ঠনে অংশগ্রহণ করার জন্য।
ব্যাখ্যা - ২. ঢাকার ইডেন কলেজের সমাজসেবার কাজে নিযুক্ত থাকার জন্য।
ব্যাখ্যা - ৩. স্ট্যানলি জ্যাকসনকে গুলি করে হত্যা করার জন্য।

২.৫.৪. বিবৃতি : আইন অমান্য আন্দোলনে ভারতের কৃষক সম্প্রদায় স্বতঃস্ফূর্তভাবে সামিল হয়।
ব্যাখ্যা - ১. কৃষকদের স্বার্থরক্ষার বিষয়টি এই আন্দোলনের কর্মসূচি ভুক্ত হয়।
ব্যাখ্যা - ২. কৃষক সম্প্রদায় এই আন্দোলনে নেতৃত্ব দেওয়ার সুযোগ পায়।
ব্যাখ্যা - ৩. আন্দোলনে কৃষিকর মকুবের বিষয়টিতে জোর দেওয়া হয়।

বিভাগ - 'গ'

৩। দুটি অথবা তিনটি বাক্যে নীচের প্রশ্নগুলির উত্তর দাও ঃ (যে কোনো ১১টি) ২×১১=২২

৩.১ পরিবেশে ইতিহাসের গুরুত্ব কী?
৩.২. আধুনিক ভারতের ইতিহাস চর্চার উপাদান রূপে 'সরকারি নথিপত্রের' সীমাবদ্ধতা কী?
৩.৩. ভারতের পাশ্চাত্য শিক্ষা বিস্তারে ১৮১৩-এর সনদ আইনের গুরুত্ব কী?
৩.৪. মধুসূদন গুপ্ত স্মরণীয় কেন ?
৩.৫. হেদায়তী কারা ?
৩.৬. নীল বিদ্রোহে হরিশ্চন্দ্রের ভূমিকা কী ছিল ?
৩.৭. মহারাণীর ঘোষণাপত্র কী ?
৩.৮. ব্যঙ্গচিত্র কেন আঁকা হয় ?
৩.৯. গঙ্গাকিশোর ভট্টাচার্য স্মরণীয় কেন ?
৩.১০. ঔপনিবেশিক শিক্ষাব্যবস্থা ত্রুটিপূর্ণ ছিল কেন ?
৩.১১. আল্লুরি সীতারাম রাজু কে ছিলেন ?
৩.১২. মোপলা বিদ্রোহের কারণ কী ছিল ?
৩.১৩. ননীবালা দেবী স্মরণীয় কেন ?
৩.১৪. গুরুচাঁদ ঠাকুর স্মরণীয় কেন ?
৩.১৫. সর্দার প্যাটেলকে 'ভারতের লৌহমানব' বলা হয় কেন ?
৩.১৬. কী পরিস্থিতিতে রাজ্য পুনর্গঠন কমিশন (১৯৫৩) গঠিত হয় ?

বিভাগ - 'ঘ'

৪। সাত বা আটটি বাক্যে প্রতিটি উপবিভাগ থেকে অন্ততঃ ১টি করে মোট ৬টি প্রশ্নের উত্তর দাও ঃ ৪×৬=২৪

উপবিভাগ — ঘ.১

৪.১. হুতোম প্যাঁচার নকশা গ্রন্থে উনিশ শতকের বাংলার কীরূপ সমাজচিত্র পাওয়া যায় ?
৪.২. ভারতে পাশ্চাত্য শিক্ষা প্রসারে 'মেকলে মিনিট'-এর অবদান কী ছিল?

উপবিভাগ — ঘ.২

৪.৩. 'বঙ্গভাষা প্রকাশিকা সভা' কে প্রথম রাজনৈতিক প্রতিষ্ঠান বলা হয় কেন ?
৪.৪. উনিশ শতকের জাতীয়তাবাদের বিকাশে 'ভারতমাতা' চিত্রটির অবদান কী ছিল ?

উপবিভাগ — ঘ.৩

৪.৫. ছাপা বইয়ের সঙ্গে শিক্ষা বিস্তারের সম্পর্ক উল্লেখ করো।
৪.৬. টীকা লেখো ঃ কলকাতা বিজ্ঞান কলেজ

উপবিভাগ — ঘ.৪

৪.৭. উদ্বাস্তু সমস্যা সমাধানে ভারত সরকার কী কী উদ্যোগ গ্রহণ করে ?
৪.৮. স্বাধীনতা লাভের পর ভারতীয় রাজ্যগুলিকে ভাষার ভিত্তিতে পুনর্গঠনের জন্য কী কী প্রচেষ্টা নেওয়া হয়েছিল ?

বিভাগ - 'ঙ'

৫। পনেরো-ষোলোটি বাক্যে যে কোনো একটি প্রশ্নের উত্তর দাও ঃ ৮×১=৮

৫.১. রাজা রামমোহন রায়কে "বাংলার নবজাগরণের অগ্রদূত" বা "ভারতের প্রথম আধুনিক মানুষ" বলা হয় কেন ?
৫.২. উনিশ শতককে কেন "সভা সমিতির যুগ" বলা হয় ? আনন্দমঠ উপন্যাসটি কীভাবে জাতীয়তাবাদী মনোভাব বিস্তারে সহায়তা করেছিল ?
৫.৩. ১৯৩০-এর দশকে বাংলায় সশস্ত্র বিপ্লবী আন্দোলনের পরিচয় দাও।

ANSWER KEY

১.১ (ক) ইংরেজরা ১.২ (গ) বিল্বমঙ্গল ১.৩ (ক) উমেশচন্দ্র দত্ত ১.৪ (ঘ) ১৮৯০ খ্রিঃ ১.৫ (গ) শ্রীশী রামকৃষ্ণ পরমহংসদেব ১.৬ (ঘ) সন্ন্যাসী ও ফকির ১.৭ (ক) ব্লেয়ার কিং ১.৮ (খ) ড. সুরেন্দ্রনাথ সেন ১.৯ (গ) আর্ল স্ট্যানলি ১.১০ (ক) রথীন্দ্রনাথ ঠাকুরকে ১.১১ (ঘ) পর্তুগিজরা ১.১২ (গ) ১৮২৫ খ্রিঃ ১.১৩ (ঘ) গুজরাটের কৃষক ১.১৪ (ক) বারদৌলি সত্যাগ্রহের পর ১.১৫ খ) মাদ্রাজে ১.১৬ (ঘ) সরোজিনী নাইডু ১.১৭ (গ) সরোজিনী নাইডু ১.১৮ (ঘ) রামস্বামী নাইকার ১.১৯ (গ) আগুন পাখি ১.২০ (ক) ১৯৫০ খ্রি:

HARIHAR HIGH SCHOOL (H.S.)
HISTORY

F.M. - 90 Time - 3 Hr. 15 Min.

বিভাগ - 'ক'

১. **সঠিক উত্তরটি বেছে নিয়ে লেখ:** ১×২০=২০

১.১ নর্মদা বাঁচাও আন্দোলনের নেত্রী ছিলেন —
(ক) মহাশ্বেতা দেবী (খ) আশাপূর্ণা দেবী (গ) মেধা পাটেকর (ঘ) অরুন্ধতী রায়।

১.২ অ্যানাল পত্রিকা গোষ্ঠীর ইতিহাসচর্চার মূল বিষয় ছিল—
(ক) আঞ্চলিক ইতিহাস (খ) সামাজিক ইতিহাস (গ) লোকসংস্কৃতি (ঘ) সামরিক ইতিহাস।

১.৩ কালীপ্রসন্ন সিংহের ছদ্মনাম—
(ক) পরশুরাম (খ) হুতোম প্যাঁচা (গ) বুড়ো শালিক (ঘ) বামাক্ষ্যাপা।

১.৪ কলকাতা বিশ্ববিদ্যালয়ের প্রথম আচার্য ছিলেন —
(ক) লর্ড ডালহৌসি (খ) লর্ড ক্যানিং (গ) লর্ড লিটন (ঘ) উইলিয়াম কোলভিল।

১.৫ বিধবা বিবাহ আইন পাশ হয় —
(ক) ১৮৫৫ খ্রিস্টাব্দে (খ) ১৮৬৫ খ্রিস্টাব্দে (গ) ১৮৫৬ খ্রিস্টাব্দে (ঘ) ১৮৫৭ খ্রিস্টাব্দে।

১.৬ 'মেদিনীপুরের লক্ষ্মীবাঈ' নামে পরিচিত ছিলেন —
(ক) রানি রাসমণি (খ) রানি লক্ষ্মীবাঈ (গ) রানি শিরোমণি (ঘ) রানি দুর্গাবাঈ।

১.৭ 'বঙ্গীয় প্রজাস্বত্ব আইন' যে বিদ্রোহের পরিণতিতে পাশ হয়েছিল —
(ক) পাবনার কৃষক বিদ্রোহ (খ) রংপুর বিদ্রোহ (গ) মুন্ডা বিদ্রোহ (ঘ) পাগলাপন্থীদের বিদ্রোহ।

১.৮ ভারতে ইস্ট ইন্ডিয়া কোম্পানির শাসনের অবসান ঘটে —
(ক) ১৮৫৭ খ্রিস্টাব্দে (খ) ১৮৫৮ খ্রিস্টাব্দে (গ) ১৮৫৯ খ্রিস্টাব্দে (ঘ) ১৯৪৭ খ্রিস্টাব্দে।

১.৯ ভারতের প্রথম রাজনৈতিক প্রতিষ্ঠান হল —
(ক) ভারতের জাতীয় কংগ্রেস (খ) ভারত সভা (গ) বঙ্গভাষা প্রকাশিকা সভা (ঘ) জমিদার সভা।

১.১০ ভারতমাতা চিত্রটি আঁকেন —
(ক) অবনীন্দ্রনাথ ঠাকুর (খ) রবীন্দ্রনাথ ঠাকুর (গ) নন্দলাল বসু (ঘ) গগনেন্দ্রনাথ ঠাকুর।

১.১১ বাংলা মুদ্রণ শিল্পের জনক নামে পরিচিত ছিলেন —
(ক) জেমস অগাস্টাস হিকি (খ) চার্লস উইলকিনস (গ) মার্শম্যান (ঘ) ঈশ্বরচন্দ্র বিদ্যাসাগর।

১.১২ বসু বিজ্ঞান মন্দির প্রতিষ্ঠা করেন —
(ক) সত্যেন্দ্রনাথ বসু (খ) আনন্দমোহন বসু (গ) জগদীশচন্দ্র বসু (ঘ) চন্দ্রমুখী বসু।

১.১৩ বঙ্গভঙ্গ যে দিন কর্যকর হয় তা হল —
(ক) ১৬ জুলাই (খ) ১৬ জুন (গ) ১৬ সেপ্টেম্বর (ঘ) ১৬ অক্টোবর।

১.১৪ স্বরাজ্য দলের সভাপতি ছিলেন —
(ক) মতিলাল নেহেরু (খ) নেতাজি সুভাষচন্দ্র বসু (গ) চিত্তরঞ্জন দাশ (ঘ) মহাত্মা গান্ধি।

১.১৫ ফরওয়ার্ড ব্লক দল গঠিত হয় —
(ক) ১৯৩৬ খ্রিস্টাব্দে (খ) ১৯৩৭ খ্রিস্টাব্দে (গ) ১৯৩৯ খ্রিস্টাব্দে (ঘ) ১৯৪০ খ্রিস্টাব্দে।

১.১৬ লক্ষ্মীর ভান্ডার প্রতিষ্ঠা করেন —
(ক) সরলাদেবী চৌধুরাণী (খ) লীলা নাগ (গ) প্রভাবতী বসু (ঘ) সরোজিনী নাইডু।

১.১৭ যে মামলায় ক্ষুদিরামের ফাঁসির আদেশ হয় —
(ক) কাকোরি ষড়যন্ত্র মামলা (খ) লাহোর ষড়যন্ত্র মামলা
(গ) মুজফ্ফরপুর ষড়যন্ত্র মামলা (ঘ) আলিপুর বোমার মামলা।

১.১৮ সাম্প্রদায়িক বাঁটোয়ারা নীতি ঘোষণা করেন ব্রিটিশ প্রধানমন্ত্রী —
(ক) এটলি (খ) চার্চিল (গ) লর্ড মাউন্টব্যাটেন (ঘ) রামসে ম্যাকডোনাল্ড

১.১৯ এদের মধ্যে কোন্‌টি দেশীয় রাজ্য ছিল না?
(ক) ভোপাল (খ) হায়দ্রাবাদ (গ) জয়পুর (ঘ) বোম্বে।

১.২০ 'নীলকণ্ঠ পাখির খোঁজে' গ্রন্থটি রচনা করেন —
(ক) মহাশ্বেতা দেবী (খ) সুনীল গঙ্গোপাধ্যায় (গ) প্রফুল্ল রায় (ঘ) অতীন বন্দ্যোপাধ্যায়।

বিভাগ- 'খ'

২। **প্রতিটি উপবিভাগ থেকে অন্ততঃ একটি করে মোট ১৬টি প্রশ্নের উত্তর দাও :** ১×১৬=১৬

উপবিভাগ- ২.১ ঃ একটি বাক্যে উত্তর দাও : ১×৪=৪

